

মুজিব শতবর্ষে বিন্দু শ্রদ্ধা চিত্রে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার বলিষ্ঠ নেতৃত্বে পৃথিবীর মানচিত্রে অদ্ভুত্ব ঘটছিল একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র ও জাতি সত্তার।

১৯৯৩ সালে এস.এস.সি পাস করা সমগ্র বাংলাদেশের বন্ধুদের সম্মুখে সংগঠিত একটি অরাজনৈতিক ধর্মনিরপেক্ষ সংগঠন আমরা ৯৩। উক্ত সংগঠনের আমরা ৯৩ খুলনা বিভাগের উদ্যোগে কুষ্টিয়ার বন্ধুদের আয়োজনে প্রমত্তা পদ্মা-গড়াই কালিগঙ্গার পলল বিধৌত ঐতিহাসিক জনপদের মত মনীষীর জ্ঞান-রশ্মির আলোক পরশে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর, বিষাদ-সিন্দুর লেখক মীর মোশাররফ হোসেন, গ্রাম বার্তা প্রকাশিকার বরণ্য সাংবাদিক কাঞ্চাল হরিনাথ মজুমদার, স্বদেশী আন্দোলনের নেতা বাঘা যতিন, নারী নেত্রী প্যারী সুন্দরী, আধ্যাত্মিক সাধক ফকির লালন শাহ্ ছাড়াও অসংখ্য রাজনীতিবিদ, শিক্ষাবিদ, কবি-সাহিত্যিক, নাট্যকার, গীতিকার, সুরকারের পদচারণা ও জন্মে গৌরবান্বিত ও মহিমান্বিত সাংস্কৃতিক রাজধানী বলে খ্যাত কুষ্টিয়ার পুলিশ লাইন চত্তরে ১২ ফেব্রুয়ারি ২০২১ সমগ্র বাংলাদেশের বন্ধুদের অংশ গ্রহণে রি-ইউনিয়ন হতে যাচ্ছে। আর এই পুনর্মিলনী অনুষ্ঠান বাস্তবায়ন কমিটিতে আমাকে সভাপতি মনোনীত করায় আমরা ৯৩ এর সকল সদস্য, এডমিন, মডারেটরসহ সকলের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও শুভেচ্ছা।

আমরা ৯৩ এ কেবল সম্প্রীতির সেতু: বন্ধনই গড়ে তোলেনি সকলকে ভাবতে শিখিয়েছে সমমানসিকতার মানুষের প্রাটফর্ম। বন্ধুত্বের বন্ধন অটুট রেখে আত্মশক্তিতে বলীয়ান হয়ে আমরা ৯৩ আমাদের প্রাণের সংগঠনটি এগিয়ে যাচ্ছে সন্মুখ পথে, অধিকতর আলোকিত হয়ে সমৃদ্ধতার দিকে এগিয়ে যাবে এই হোক সকলের প্রত্যাশা।

ধন্যবাদ